

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

স্মারক নং--৩৪.০১.০০০০.০২৬.১৬.১১১.১৬ ৮-১০

তারিখ : ৩০ অগ্রহায়ণ, ১৪২৩  
১৪ ডিসেম্বর, ২০১৬


বিষয় : মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিল সভার সিদ্ধান্ত বাস্তবায়ন এবং মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্তমতে দুর্যোগ মোকাবেলায় পূর্ব প্রস্তুতি গ্রহণ কার্যক্রম বাস্তবায়নে যুব উন্নয়ন অধিদপ্তরের তালিকাভুক্ত সকল স্বেচ্ছাসেবী সংস্থাকে সহযোগিতার নির্দেশ প্রদান প্রসঙ্গে।

সূত্র : সিভিল ডিফেন্স ওয়ার্ডেন বাহিনী বিভাগ, সদর দপ্তরের ৩০ সেপ্টেম্বর, ২০১৬ তারিখের স্মারক নং-ওবাসদ/নাট/২৭/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের যুবসমাজ জাতির প্রাণশক্তি। রাষ্ট্রের যে কোন প্রয়োজনে এ যুবসমাজ সর্বোচ্চ ঝুঁকি গ্রহণ করতেও আত্মহী। দেশের মোট জনসংখ্যার এক-তৃতীয়াংশ যুবক ও যুবনারী। যার একটা অংশ বেকার, অর্ধ-বেকার। যুব উন্নয়ন অধিদপ্তর প্রতিষ্ঠালগ্ন হতে যুবদের সময়ের চাহিদা অনুযায়ী ট্রেডভিত্তিক প্রশিক্ষণ ও ঋণ দিয়ে স্বাবলম্বি করে যাচ্ছে। একই সাথে যুবদের অর্থনৈতিক উন্নয়নের স্বপ্ন দেখানোর পাশাপাশি নানামুখী সামাজিক কর্মকাণ্ডে সম্পৃক্ত করার লক্ষ্যে গ্রাম পর্যায় যুব সংগঠনও গড়ে তুলছে। এ পর্যন্ত দেশে প্রায় ১৭৮৬৮টি যুব সংগঠন গড়ে উঠেছে। যাদের অন্যতম কাজ হলো আর্থ-সামাজিক উন্নয়নে নিজেদের স্বাবলম্বি করা, একই সাথে সংগঠনের অন্যান্য সদস্যদের অনুরূপ কার্যক্রমে উদ্বুদ্ধ করে রাষ্ট্রের বৃহৎ পরিসরে অবদান রাখা। গত ০৬ মে, ২০১৫ তারিখ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিলের সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অগ্নিনির্বাপণ, অগ্নি-প্রতিরোধ, সড়ক দুর্ঘটনার পাশাপাশি দেশব্যাপী ভূমিকম্প সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ ও তাত্ক্ষনিক করণীয় বিষয়সহ জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায় স্বেচ্ছাসেবক ইউনিট গঠন করার প্রতি বিশেষ গুরুত্বারোপ করা হয় এবং দেশ ও জাতির উন্নয়নের স্বার্থে যুব উন্নয়ন অধিদপ্তরের আওতাধীন তালিকাভুক্ত সকল স্বেচ্ছাসেবী সংগঠনকে এ কাজে সম্পৃক্ত হওয়ার জন্য অনুরোধ করা হয়।

০২। এমতাবস্থায়, রাষ্ট্রীয় বৃহত্তর স্বার্থে জেলাধীন সকল স্বেচ্ছাসেবী সংগঠনগুলোর সদস্যদের গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের 'সিভিল ডিফেন্স ওয়ার্ডেন বাহিনী বিভাগ' কর্তৃক পরিচালিত দেশব্যাপী ভূমিকম্প সচেতনতামূলক মহড়া ও দুর্যোগ মোকাবেলার মৌলিক প্রশিক্ষণে অংশগ্রহণ ও প্রশিক্ষণ শেষে সামাজিক চাহিদা মোতাবেক দায়িত্ব পালনে সহায়তা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

অতি জরুরী।

  
(আনোয়ারুল করিম)  
মহাপরিচালক

ফোন নং- ০২-৯৫৫৯৩৮৯।

E-mail:dgdyd@gmail.com.

প্রাপক,

০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, -----(সকল) জেলা। তাঁকে তাঁর জেলাধীন সকল উপজেলা / থানা যুব উন্নয়ন কর্মকর্তাকে পত্রটি সরবরাহের জন্য অনুরোধ করা হলো।

বিতরণ :

- ০১। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। পরিচালক (ওয়ার্ডেন), অপারেশন ভেজিটেবল ও সম্মিলিত ওয়ার্ডেন বাহিনী।
- ০৩। অফিস কপি।